

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭২৬

আগরতলা, ৭ নভেম্বর, ২০২৪

আগামী শনিবার রাজ্যে বসছে বিশেষ লোক আদালত

আগামী ৯ নভেম্বর, ২০২৪, শনিবার রাজ্যের সমস্ত জেলা ও মহকুমা আদালতে বিশেষ লোক আদালত অনুষ্ঠিত হবে। এই লোক আদালতে ১৪ হাজার ২২৩টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। এরমধ্যে এমভি অ্যাক্ট (ট্রাফিক চালান) সংক্রান্ত ৯ হাজার ৭৫৬টি মামলা, ত্রিপুরা পুলিশ অ্যাক্টে ৩ হাজার ৮৩২টি মামলা, ত্রিপুরা গ্যাম্বলিং অ্যাক্টে ১২২টি মামলা, ত্রিপুরা এক্সাইস অ্যাক্টে ৪৪১টি মামলা, চেক বাউন্স (এন আই অ্যাক্ট) সংক্রান্ত ৩১টি মামলা, সি আর (ফরেস্ট) সংক্রান্ত ৭টি মামলা, মীমাংসায়োগ্য ফৌজদারি সংক্রান্ত ২৭টি মামলা এবং এনিমেল অ্যাক্টে ৭টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। বিশেষ লোক আদালতের জন্য ২৪টি বেঞ্চ গঠন করা হয়েছে। এরমধ্যে খোয়াই জেলায় সবচেয়ে বেশি ৫টি বেঞ্চ বসবে। লোক আদালতে নোটিশ প্রাপ্ত হয়ে আসা পক্ষ বিপক্ষকে সহযোগিতা করতে প্যারা লিগ্যাল ভলান্টিয়াররা থাকবেন। ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব বুমা দত্ত চৌধুরী বিশেষ লোক আদালতের সুবিধা সংশ্লিষ্ট সবাইকে নিতে আবেদন করেছেন।
